বি.এড ২য় সেমি. ২০১৭

১৫৪



বিএড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭

শিক্ষায় গবেষণা (আবশ্যিক)

বিষয় কোড : 822263

পরীক্ষা কোড : 8771

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য ঃ—ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন :— ২×১০=২০

(ক) শিক্ষা গবেষণার ক্ষেত্রসমূহের নাম লিখুন।

(খ) কর্মসহায়ক গবেষণা ও সামাজিক গবেষণার দুটি পার্থক্য লিখুন।

(গ) শিক্ষা গবেষণার দুটি উদ্দেশ্য লিখুন।

(ঘ) উত্তম প্রশ্নমালার চারটি বৈশিষ্ট্য লিখুন।

(ঙ) একটি গবেষণার সমস্যার শিরোনাম লিখুন।

(চ) নমুনা ও নমুনায়নের দুটি পার্থক্য লিখুন।

(ছ) গবেষণা পর্যালোচনার চারটি গুরুত্ব লিখুন।

(জ) রেটিং স্কেল কী?

(ঝ) গবেষণার নৈতিকতা বলতে কী বুঝায়?

(ঞ) অনুমিত সিদ্ধান্ত (Hypothesis) কী?

২। (ক) গবেষণা কী? ৩

(খ) শ্রেণিকক্ষের অভিজ্ঞতার আলোকে গবেষণার প্রয়োজনীয়তা বর্ণনা করুন। ৫

৩। (ক) বর্ণনামূলক গবেষণার সুবিধাসমূহ উল্লেখ করুন। ৩

(খ) জরিপ গবেষণা ব্যাখ্যা করুন। ৫

৪। (ক) উপাত্ত বিশ্লেষণ কী? ৩

(খ) গুণগত গবেষণায় উপাত্ত বিশ্লেষণের কৌশলসমূহ উল্লেখ করুন। ৫

৫। (ক) উত্তম নমুনা নির্বাচনের সতর্কতাসমূহ চিহ্নিত করুন। ৩

(খ) দৈবচয়িত নমুনায়নের বৈশিষ্ট্যগুলো আলোচনা করুন। ৫

৬। (ক) গবেষণা প্রস্তাব পত্রের সাধারণ অংশগুলো উল্লেখ করুন। ৩

(খ) গবেষণা প্রস্তাব পত্রের প্রয়োজনীয়তা বিশ্লেষণ করুন। ৫

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

৭। (ক) সহ-সম্পর্ক কী? শিক্ষা গবেষণায় সহ-সম্পর্কের ব্যবহার লিখুন। ৩

(খ) কোনো পরীক্ষায় নবম শ্রেণির ৫০ জন শিক্ষার্থীর বাংলা বিষয়ের প্রাপ্ত নম্বরের বণ্টন নিম্নে দেয়া হলো, বণ্টনটি থেকে আদর্শ বিচ্যুতি নির্ণয় করুন। এবং ফলাফলের ব্যাখ্যা দিন : ৫

| শ্রেণিব্যাপ্তি | গণসংখ্যা ($f$) |
|---|---|
| ৬৫—৬৯ | ১ |
| ৬০—৬৪ | ৩ |
| ৫৫—৫৯ | ৮ |
| ৫০—৫৪ | ৯ |
| ৪৫—৪৯ | ১২ |
| ৪০—৪৪ | ৭ |
| ৩৫—৩৯ | ৫ |
| ৩০—৩৪ | ৩ |
| ২৫—২৯ | ২ |
| মোট= | ৫০ |

৮। (ক) গবেষণা প্রতিবেদন বলতে কী বুঝায়? একটি গবেষণা প্রতিবেদন প্রণয়নের ধাপসমূহ লিখুন। ৪

(খ) গবেষণায় সাক্ষাৎকারের কার্যকারিতা বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ নেয়া যেতে পারে তা ব্যাখ্যা করুন। ৪

বিএড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭
কম্প্রিহেনসিভ (আবশ্যিক)
**বিষয় কোড : 822269**
**পরীক্ষা কোড : 8771**
সময়—২ ঘণ্টা
পূর্ণমান—১০০

[**দ্রষ্টব্য ঃ**—নিম্নের সকল প্রশ্নের উত্তর দিন। প্রতিটি প্রশ্নের মান সমান।]

১। শিক্ষানীতি ২০১০ এর আলোকে মাধ্যমিক শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য লিখুন।

২। ভাববাদ বলতে কী বুঝায়? বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় ভাববাদের প্রভাব মূল্যায়ন করুন।

৩। বুদ্ধি ও ব্যক্তিত্ব বিকাশে এরিকসনের ৮ ধাপ তত্ত্বটি ব্যাখ্যা করুন।

৪। জাতীয় শিক্ষানীতি ২০১০ এর আলোকে শিক্ষক প্রশিক্ষণের সুপারিশগুলো তুলে ধরুন।

৫। বয়ঃসন্ধিকালে শিক্ষার্থীদের বিকাশে অভিভাবক ও শিক্ষকের ভূমিকা বর্ণনা করুন।

৬। শিক্ষায় বিশ্বাস ও মূল্যবোধ কী? একজন শিক্ষকের পেশাগত মূল্যবোধ বর্ণনা করুন।

৭। শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা কী? শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার উপাদানগুলোর নাম লিখুন।

৮। শিখন-শেখানো কৌশল হিসেবে মাইন্ড ম্যাপিং এর বর্ণনা দিন।

৯। সংযোজনবাদ কী? থর্নডাইকের শিখন তত্ত্বের সূত্রগুলোর নাম লিখুন।

১০। একটি সু-অভীক্ষার প্রধান বৈশিষ্ট্যগুলো বর্ণনা করুন।

১১। গড় ও আদর্শ বিচ্যুতির সংজ্ঞা দিন ও ব্যবহার লিখুন।

১২। ICT-র পূর্ণরূপ কী? শ্রেণিকক্ষে ICT-র ব্যবহার বৃদ্ধির উপায়গুলো লিখুন।

১৩। WWW কী? ইন্টারনেটের ধারণা ও ব্যবহারের ক্ষেত্রগুলো লিখুন।

১৪। ই-বুক ও ভার্চুয়াল লার্নিং এনভায়রনমেন্ট এর ব্যাখ্যা দিন।

১৫। একীভূত শিক্ষার ধারণা দিন ও এর উৎস/ভিত্তি উল্লেখ করুন।

১৬। একীভূত শিখন বান্ধব পরিবেশ গঠনের প্রতিবন্ধকতা ও প্রতিকারসমূহ লিখুন।

১৭। জেন্ডার বলতে কী বুঝায়? জেন্ডার বৈষম্যের পাঁচটি কারণ ও প্রতিকার লিখুন।

১৮। শিক্ষা গবেষণা কী? কার্ট লিউইনের কর্মসহায়ক গবেষণা প্রক্রিয়াটি বর্ণনা করুন।

১৯। কোনো গবেষণার শিরোনামের আলোকে একটি গবেষণা প্রস্তাব প্রণয়ন করুন।

২০। নমুনায়ন কী? দৈবচয়িত নমুনায়নের সুবিধা ও অসুবিধা উল্লেখ করুন।

বিএড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭
প্রাথমিক শিক্ষা (নৈর্বাচনিক)
বিষয় কোড : 822271
পরীক্ষা কোড : 8771

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য:—ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন :— ২×১০=২০

(ক) সার্বজনীন প্রাথমিক শিক্ষা কী?
(খ) প্রাথমিক শিক্ষার দুটি প্রান্তিক যোগ্যতা লিখুন।
(গ) প্রাক-প্রাথমিক শিক্ষার দুটি লক্ষ্য ও উদ্দেশ্য উল্লেখ করুন।
(ঘ) 'SMART' দ্বারা কী বুঝানো হয়?
(ঙ) প্রান্তিক যোগ্যতা বলতে কী বোঝায়?
(চ) পাঠ্যপুস্তক প্রণয়নে এনসিটিবি (NCTB) এর চারটি কাজ লিখুন।
(ছ) শিক্ষক প্রশিক্ষণের প্রধান উদ্দেশ্য কী?
(জ) শিক্ষা উপকরণ ব্যবহারের চারটি কৌশল লিখুন।
(ঝ) বার্ষিক পাঠ-পরিকল্পনা কী?
(ঞ) একাডেমিক সুপারভিশন এর চারটি উদ্দেশ্য উল্লেখ করুন।

২। (ক) প্রাথমিক শিক্ষা সম্পর্কিত সংবিধানের অনুচ্ছেদসমূহ কী কী? ৩
(খ) জাতীয় শিক্ষানীতিতে উল্লিখিত প্রাথমিক শিক্ষার পাঁচটি বৈশিষ্ট্য লিখুন। ৫

৩। (ক) ব্রিটিশ আমল এবং বর্তমান সময়ের প্রাথমিক শিক্ষা ব্যবস্থার মধ্যে চারটি পার্থক্য নিরূপণ করুন। ৪
(খ) প্রাক-প্রাথমিক শিক্ষাক্রমে নৈতিকতা ও মূল্যবোধের গুরুত্ব বর্ণনা করুন। ৪

৪। (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো লিখুন। ৩
(খ) "প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় শিক্ষার উন্নয়ন সাধন করছে"—যুক্তিসহ ব্যাখ্যা করুন। ৫

৫। (ক) প্রাথমিক পর্যায়ের শিখন-শেখানো কার্যক্রমের পদ্ধতি ও কৌশল নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ লিখুন। ৩
(খ) প্রাথমিক স্তরে প্রয়োগযোগ্য একটি অংশগ্রহণমূলক পদ্ধতির প্রয়োগ কৌশল, সুবিধা ও অসুবিধা উল্লেখ করুন। ৫

৬। (ক) শিখন-শেখানো কার্যাবলীকে আকর্ষণীয় করার লক্ষ্যে উপকরণ নির্বাচনের বিবেচ্য দিকগুলো বর্ণনা করুন। ৪
(খ) "একটি জাতির অগ্রায়নের ক্ষেত্রে সার্বজনীন প্রাথমিক শিক্ষা"—প্রত্যয়টি বিশ্লেষণ করুন। ৪

৭। (ক) প্রধান শিক্ষকের অবশ্য পালনীয় দায়িত্ব ও কর্তব্য আলোচনা করুন। ৪
(খ) শিক্ষক প্রশিক্ষণ কীভাবে একজন শিক্ষকের পেশাগত উন্নয়ন সাধন করে?—ব্যাখ্যা করুন। ৪

৮। (ক) বিদ্যালয় পরিদর্শন কী? বিদ্যালয় পরিদর্শনের দুটি প্রয়োজনীয়তা উল্লেখ করুন। ৪
(খ) "প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে বিদ্যালয় পরিদর্শনই একমাত্র উপায়।"—মূল্যায়ন করুন। ৪

বিএড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭
গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান (নৈর্বাচনিক)
বিষয় কোড : 822273
পরীক্ষা কোড : 8771
সময়—৩ ঘণ্টা
পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য :—ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো **ছয়টি প্রশ্নের** উত্তর দিন।]

নম্বর

১। নিম্নের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন :— ২×১০=২০
(ক) গ্রন্থ কী?
(খ) গ্রন্থাগার কী?
(গ) গ্রন্থাগারের পঞ্চনীতি কে প্রবর্তন করেন?
(ঘ) ডিডিসি-এর পূর্ণরূপ লিখুন।
(ঙ) ক্যাটালগ কী?
(চ) ইনডেক্স কী?
(ছ) গ্রন্থপঞ্জী বলতে কী বুঝায়?
(জ) এ্যাকসেশন রেজিস্টার (Accession Register) কী?
(ঝ) ই-লাইব্রেরি কী?
(ঞ) ভ্রাম্যমাণ (Mobile) লাইব্রেরির ধারণা দিন।

২। (ক) উদাহরণসহ গ্রন্থাগারের প্রকারভেদ বর্ণনা করুন। ৪
(খ) শিক্ষার মানোন্নয়নে একাডেমিক গ্রন্থাগারের ভূমিকা উল্লেখ করুন। ৪

৩। (ক) বিদ্যালয় গ্রন্থাগারিকের দায়িত্ব ও কর্তব্য লিখুন। ৪
(খ) শিক্ষার্থীর পাঠাভ্যাস সৃষ্টিতে গ্রন্থাগারের ভূমিকা বিশ্লেষণ করুন। ৪

৪। (ক) বিদ্যালয় গ্রন্থাগারের জন্য গ্রন্থ নির্বাচন নীতিমালা উল্লেখ করুন। ৪
(খ) বিদ্যালয় গ্রন্থাগার ব্যবহারের সাধারণ নিয়মকানুন বর্ণনা করুন। ৪

৫। (ক) জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুসারে গ্রন্থাগারের গুরুত্ব তুলে ধরুন। ৪
(খ) সমাজের অগ্রগতি ও উন্নতিতে গ্রন্থাগারের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ—ব্যাখ্যা করুন। ৪

৬। (ক) ডিডিসি পদ্ধতি কি? এর প্রধান শ্রেণিগুলোর নাম ধারাবাহিকভাবে লিখুন। ৪
(খ) ক্যাটালগের প্রকারভেদ আলোচনা করুন। ৪

৭। (ক) গ্রন্থাগারের ভবন পরিকল্পনায় কোন বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখা উচিত? ৪
(খ) আয়-ব্যয়ের খাত উল্লেখপূর্বক গ্রন্থাগারের জন্য একটি কাল্পনিক বাজেট তৈরি করুন। ৪

৮। টীকা লিখুন (যে কোনো **চারটি**) :— ২×৪=৮
(ক) গণগ্রন্থাগার; (খ) পুস্তক শ্রেণিকরণ;
(গ) লাইব্রেরি সফটওয়্যার; (ঘ) গ্রন্থাগারে তথ্যায়ন সেবা;
(ঙ) বইমেলা; (চ) পুস্তক ছাঁটাই।

বিএড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭

চারু ও কারুকলা শিক্ষণ (নৈর্বাচনিক)

বিষয় কোড : 822275

পরীক্ষা কোড : 8771

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য :—ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। **১ ও ৮নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের** উত্তর দিন।]

নম্বর

১। নিম্নের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন :— ২×১০=২০

(ক) একক পরিকল্পনা কি?

(খ) জল রং-এর দুটি বৈশিষ্ট্য লিখুন।

(গ) চারু ও কারুকলার একটি পাঠের দুটি শিখনফল লিখুন।

(ঘ) শিল্পকলা কি?

(ঙ) কারুশিল্প কি?

(চ) আকার ও আকৃতির মধ্যে পার্থক্য কি?

(ছ) মেসোপটেমিয়া সভ্যতা কোথায় অবস্থিত ছিল?

(জ) নকসা কি?

(ঝ) জিগুরাট কি?

(ঞ) কোন কোন রং মিলে তৃতীয় স্তরের রং হয়?

২। (ক) সুন্দর কি? ৩

(খ) শিল্পকলায় সুন্দরের কী ভূমিকা নিজের ভাষায় লিখুন। ৫

৩। বাংলাদেশের চারুকলা শিক্ষা বিকাশের পটভূমি বর্ণনা করুন। ৮

৪। মাধ্যমিক স্তরের চারু ও কারুকলা বিষয়ের প্রশ্ন প্রণয়নে কী কী নীতি অনুসরণ করা উচিত বলে আপনি মনে করেন? বিস্তারিত লিখুন। ৮

৫। একজন চারু ও কারুকলা বিষয়ের শিক্ষকের কী কী যোগ্যতা থাকা উচিত? চারু ও কারুকলা শিক্ষকের গুণাবলি লিখুন। ৮

৬। পেন্সিল স্কেচ অথবা জল রং-এ একটি প্রাকৃতিক দৃশ্য অংকন করুন। ৮

৭। যে কোনো **দুটি** চিত্র অংকন করুন :— (রংসহ) ৪×২=৮

(ক) আম (খ) ফুলদানি (গ) নৌকা (ঘ) ঘর

৮। আলো-ছায়া কী? চিত্রে আলো-ছায়ার প্রয়োজনীয়তা বর্ণনা করুন। ৮

# বিএড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭

## শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা শিক্ষণ (নৈর্বাচনিক)

বিষয় কোড : 822277

পরীক্ষা কোড : 8771

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য :—ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন :— ২×১০=২০

(ক) শারীরিক শিক্ষা কী?
(খ) অবসাদ বলতে কী বুঝায়?
(গ) সুষম খাদ্য কী?
(ঘ) মানসিক স্বাস্থ্য কী?
(ঙ) শিক্ষায় শারীরিক স্বাস্থ্যের গুরুত্ব লিখুন।
(চ) লিঙ্গভেদে শারীরিক স্বাস্থ্যের গুরুত্ব লিখুন।
(ছ) দুর্লভ সামগ্রী এবং অপ্রতুল উপকরণ রক্ষণাবেক্ষণের তিনটি উপায় উল্লেখ করুন।
(জ) বয়ঃসন্ধিকালের শারীরিক ও মানসিক সমস্যা লিখুন (চারটি)।
(ঝ) HIV এবং AIDS কী?
(ঞ) পুষ্টি কী?

২। (ক) স্বাস্থ্য শিক্ষা কী? ৯ম-১০ম শ্রেণির বাধ্যতামূলক শিক্ষাক্রমে স্বাস্থ্য, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান শিক্ষার ভূমিকা আলোচনা করুন। ৪
(খ) অবসাদ ও বিরক্তির মধ্যে পার্থক্য লিখুন। ৪

৩। (ক) খাদ্য কী? খাদ্যের কাজগুলো বর্ণনা করুন। ৪
(খ) ক্যালরি কাকে বলে? "পরিমিত পরিমাণে শর্করার প্রয়োজনীয়তা দেহে অপরিহার্য"—উক্তিটি ব্যাখ্যা করুন। ৪

৪। (ক) শিক্ষাক্রম ও পাঠ্যসূচির মধ্যে পার্থক্য নিরূপণ করুন। ৪
(খ) শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষায় পাঠ্যপুস্তক পরীক্ষণের কৌশলগুলো আলোচনা করুন। ৪

৫। (ক) অংশগ্রহণমূলক শিক্ষণ-শিখন কৌশল ও শিক্ষক কেন্দ্রিক কলাকৌশলের মধ্যে পার্থক্য নিরূপণ করুন। ৪
(খ) দক্ষ শিক্ষক তৈরিতে অনুশিক্ষণের ভূমিকা ব্যাখ্যা করুন। ৪

৬। (ক) শিক্ষা উপকরণ কী? শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা শিক্ষায় দুর্লভ ও অপ্রতুল উপকরণের একটি তালিকা তৈরি করুন। ৫
(খ) শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা বিষয়ের শিক্ষণ-শিখন সামগ্রী হিসেবে ভিডিও এবং ইন্টারনেটের ভূমিকা আলোচনা করুন। ৩

৭। (ক) গাঠনিক ও প্রান্তিক মূল্য যাচাই এর মধ্যে পার্থক্য উল্লেখ করুন। ৪
(খ) প্রজনন স্বাস্থ্য কী? মাদকাসক্তির কুফলসমূহ আলোচনা করুন। ৪

৮। (ক) শ্রেণি কার্যক্রমে শারীরিক শিক্ষা ও ক্রীড়া শিক্ষার উপর নিজস্ব জ্ঞান ও দক্ষতা প্রয়োগে শিক্ষার্থীদের সক্ষমতা আলোচনা করুন। ৪
(খ) বালক ও বালিকা উভয়েরই আগ্রহ ধরে রেখে শিখনে সহায়তা করার জন্য বিভিন্ন কৌশল নিরূপণ করুন। ৪

# বি.এড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭

## কৃষি শিক্ষা শিক্ষণ (নৈর্বাচনিক)

বিষয় কোড : 822279

পরীক্ষা কোড : 8771

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য :—ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে লিখুন।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন :— ২×১০=২০

(ক) কৃষি শিক্ষা বলতে কী বোঝায়?

(খ) শিক্ষাক্রম ও পাঠ্যসূচির মধ্যে চারটি পার্থক্য নির্ণয় করুন।

(গ) নবম-দশম শ্রেণির উপযোগী "দুগ্ধখামার তৈরি ও ব্যবস্থাপনা" বিষয়ে চারটি শিখনফল লিখুন।

(ঘ) কৃষি ঋণের আটটি সুফল চিহ্নিত করুন।

(ঙ) কৃষি শিক্ষায় দুর্লভ ও অপ্রতুল কৃষি উপকরণের একটি তালিকা তৈরি করুন।

(চ) মাঠ ফসল ও উদ্যান ফসল বলতে কী বোঝায়?

(ছ) রোগের নাম উল্লেখপূর্বক ধানের একটি রোগের লক্ষণ, নিরাময় ও প্রতিকার সম্পর্কে লিখুন।

(জ) কৃষিপণ্যের বাজারজাতকরণের গুরুত্ব উল্লেখ করুন।

(ঝ) HYV ও BARI এর পূর্ণরূপ কি?

(ঞ) কৃষি শিক্ষার চারটি পদ্ধতির নাম লিখুন।

২। (ক) কৃষি ও কৃষি শিক্ষা বলতে কী বুঝায়? মাধ্যমিক স্তরে কৃষি শিক্ষার ভূমিকা উল্লেখ করুন। ৪

(খ) কৃষিশিক্ষার গুরুত্ব আলোচনা করুন। ৪

৩। (ক) শ্রেণি কার্যক্রমে বালক-বালিকা উভয়ের সম অংশগ্রহণ নিশ্চিতকরণে কৃষি শিক্ষকের ভূমিকা আলোচনা করুন। ৪

(খ) গাঠনিক মূল্য যাচাই ও প্রান্তিক মূল্য যাচাই এর পার্থক্য উল্লেখ করুন। ৪

৪। (ক) কৃষি শিক্ষায় বহুনির্বাচনি অভীক্ষা কি সু-অভীক্ষা? আপনার উত্তরের সপক্ষে যুক্তি দিন। ৪

(খ) কৃষি শিক্ষা বিষয়ের নির্দিষ্ট পাঠের আলোকে একটি সৃজনশীল প্রশ্ন প্রণয়ন করুন। ৪

৫। (ক) কৃষি শিক্ষার উপকরণের উদাহরণসহ একটি তালিকা লিখুন। ৩

(খ) কৃষি শিক্ষক হিসাবে কিভাবে আপনি বিনামূল্য ও স্বল্পমূল্যের উপকরণ সংগ্রহ ও সংরক্ষণ করবেন তা ব্যাখ্যা করুন। ৫

৬। (ক) কৃষি শিক্ষা শিক্ষকের পেশাগত দক্ষতা উন্নয়নের উপায় ব্যাখ্যা করুন। ৪

(খ) কৃষি শিক্ষায় আইসিটি বিষয়ক উপকরণ তৈরি ও সংগ্রহ করার উপায় বর্ণনা করুন। ৪

৭। টীকা লিখুন (যে কোনো দুটি) :— ৪×২=৮

(ক) বাংলাদেশের মাছ চাষ; (খ) ইন্টারনেট;

(গ) অনুশিক্ষণ; (ঘ) ইউনিট পরিকল্পনা।

৮। নিম্নে উল্লিখিত নবম-দশম শ্রেণির কৃষি শিক্ষা বিষয়ে ৫০ মিনিটের উপযোগী একটি পাঠ-পরিকল্পনা তৈরি করুন :— ৮

(ক) নতুন প্রজন্মের ধান চাষ; (খ) গম চাষের পদ্ধতি;

(গ) পোকা-মাকড় নিধনের উপায়; (ঘ) কৃষি কাজের উৎকর্ষ সাধনে মাটির প্রভাব।

১৫৪

বি.এড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭
গার্হস্থ্য অর্থনীতি শিক্ষণ (নৈর্বাচনিক)
বিষয় কোড : 822281
পরীক্ষা কোড : 8771
সময়—৩ ঘণ্টা
পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য:—ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। **১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের** উত্তর দিন।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন:— ২×১০=২০

(ক) দুষ্প্রাপ্য ও স্বল্পপ্রাপ্ত শিক্ষা উপকরণ কী?
(খ) গার্হস্থ্য অর্থনীতি বিষয়ের বিনামূল্যে শিক্ষা উপকরণের একটি তালিকা তৈরি করুন।
(গ) সুষম খাদ্য বলতে কী বোঝায়?
(ঘ) শিখন সামগ্রী হিসাবে ইন্টারনেটের প্রয়োজনীয়তা উল্লেখ করুন।
(ঙ) গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষণ শিখনে দোকান ও বাজার ভ্রমণের গুরুত্ব তুলে ধরুন।
(চ) গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষণ শিখন কার্যক্রমে সুপঠন ও শিখন অভ্যাস গুরুত্বপূর্ণ কেন?
(ছ) গার্হস্থ্য অর্থনীতিতে পরিবীক্ষণ কী?
(জ) গার্হস্থ্য অর্থনীতি শিক্ষণে শিক্ষার্থীদের খাদ্যের উপাদানগুলি লিখ।
(ঝ) সৃজনশীল প্রশ্নের শ্রেণিবিভাগ উল্লেখ করুন।
(ঞ) নিয়মতান্ত্রিক জীবন-যাপনের গুরুত্ব বর্ণনা করুন।

২। (ক) গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের পাঠদান সহায়ক শিক্ষা উপকরণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন। ৪
(খ) গার্হস্থ্য বিজ্ঞান শিক্ষায় উপকরণ হিসেবে রেডিও, টেলিভিশন ও ভিডিওর ভূমিকা বর্ণনা করুন। ৪

৩। (ক) বিদ্যালয়ে অতিথি বক্তা হিসেবে স্থানীয় মেডিকেল অফিসারের কার্যক্রম ব্যাখ্যা করুন। ৪
(খ) শিশুর সাধারণ রোগ হিসেবে ডায়রিয়া ও ইনফ্লুয়েঞ্জার কারণ, লক্ষণ ও প্রতিকার বর্ণনা করুন। ৪

৪। (ক) খাদ্য গ্রহণের ভ্রান্ত ধারণাগুলো চিহ্নিত করে এর কুফল বর্ণনা করুন। ৪
(খ) পোশাক কিভাবে ব্যক্তির ব্যক্তিত্ব প্রকাশে ভূমিকা রাখে তা বিশ্লেষণ করুন। ৪

৫। (ক) সৃজনশীল প্রশ্ন ব্যবহারের উদ্দেশ্যগুলো তুলে ধরুন। ৪
(খ) সৃজনশীল প্রশ্নের গঠন কাঠামো ব্যাখ্যা করুন। ৪

৬। (ক) গঠনকালীন মূল্য যাচাই ও চূড়ান্ত মূল্য যাচাই এর পার্থক্য চিহ্নিত করুন। ৩
(খ) গঠনকালীন মূল্য যাচাই এর কৌশলগুলো ব্যাখ্যা করুন। ৫

৭। (ক) অগ্রসর বা প্রতিভাবান শিক্ষার্থীর বৈশিষ্ট্য উল্লেখ করুন। ৪
(খ) শ্রেণি পাঠদান সফল করার জন্য মেধাভিত্তিক শ্রেণিবিন্যাসের প্রয়োজনীয়তাসমূহ লিখুন। ৪

৮। (ক) গার্হস্থ্য অর্থনীতির শিক্ষক কিভাবে নিজেকে কেতাদুরস্ত রাখবেন? ব্যাখ্যা করুন। ৪
(খ) ক্রমান্বিত পেশাগত উন্নয়নের প্রয়োজনীয়তা বর্ণনা করুন। ৪

**বিএড দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা, ২০১৭**

**হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণ (নৈর্বাচনিক)**

**বিষয় কোড : 822285**

**পরীক্ষা কোড : 8771**

সময়—৩ ঘণ্টা

পূর্ণমান—৬০

[দ্রষ্টব্য:—ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। **১নং প্রশ্নসহ যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন।** একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে লিখুন।]

নম্বর

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দিন:— ২×১০=২০

(ক) খারাপ চরিত্রের লক্ষণগুলো কী?
(খ) ধর্মের প্রধান উদ্দেশ্য কী?
(গ) ষড় দর্শন কী
(ঘ) ধর্মের চারটি স্বরূপ বা লক্ষণ কী?
(ঙ) ধর্মের নৈতিক দিকগুলো লিখুন।
(চ) SMART কী?
(ছ) হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষণের দুটি উদ্দেশ্য লিখুন।
(জ) মূল্যায়নের চারটি বৈশিষ্ট্য লিখুন।
(ঝ) অনুশিক্ষণের চারটি দক্ষতা লিখুন।
(ঞ) মূর্ত ও বিমূর্ত ধারণার ব্যাখ্যা করুন।

২। (ক) হিন্দুধর্ম শিক্ষা কী? ৩
(খ) আধ্যাত্মিক ও নৈতিক চরিত্র বিষয়টি ধর্মীয় শিক্ষায় অন্তর্ভুক্তির কারণ ব্যাখ্যা করুন। ৫

৩। (ক) শিক্ষাক্রম ও পাঠ্যসূচির মধ্যে তিনটি পার্থক্য লিখুন। ৩
(খ) ধর্মীয় শিক্ষার গুরুত্ব উল্লেখপূর্বক ধর্মীয় আচার অনুষ্ঠান মেনে চলার প্রয়োজনীয়তা উল্লেখ করুন। ৫

৪। (ক) শিখনফল (Learning Outcomes) কী? শিখনফল লেখার নিয়মগুলো লিখুন। ৩
(খ) হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের যে কোনো শ্রেণির দশটি শিখনফল লিখুন। ৫

৫। (ক) পেশাগত বিষয়াবলি ও শিক্ষা বিষয়াবলি কী? ৩
(খ) উপর্যুক্ত বিষয়াবলি থেকে অর্জনযোগ্য জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গিগুলো শনাক্ত করুন। ৫

৬। (ক) অংশগ্রহণমূলক শিখন-শেখানো পদ্ধতি কী? ৩
(খ) হিন্দু ধর্মের পাঠদানকে অংশগ্রহণমূলক পদ্ধতিতে উপস্থাপনের উপায়গুলো লিখুন। ৫

৭। (ক) হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিখন-শেখানো উপকরণ কী? ৩
(খ) শিক্ষা উপকরণ ব্যবহারের নীতিমালা লিখুন। ৫

৮। শ্রেণি উল্লেখপূর্বক ৫০ মিনিটের উপযোগী একটি পাঠ-পরিকল্পনা প্রণয়ন করুন:— ৮

(ক) বেদ-এর বাংলা অর্থসহ স্তোত্র;
(খ) পবিত্র গীতার বাংলা অর্থসহ শ্লোক;
(গ) শ্রীশ্রীদুর্গা চরিত;
(ঘ) স্বামী বিবেকানন্দের উপদেশ বাণী;
(ঙ) স্বামী প্রণবানন্দের জীবন চরিত।